দৈনিক খবর

তারিখ 14 JUN 1993
পৃষ্ঠা ৮ কলাম ৭

# ক্যাম্পাসে নির্মাণ কাজ চালু রাখা কষ্টকর ঃ উপাচার্য

## ঢাকা বিশ্ববিদ্যালয়ে আরেকটি ছাত্রী নিবাসের ভিত–পাথর স্থাপন

।।স্টাফ রিপোর্টার।।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রীদের আবাসিক সমস্যার আংশিক সমাধানকল্পে গতকাল রোববার নবাব ফয়জুন্নেসা চৌধুরানী ভবন নামে ছাত্রী নিবাসের ভিত–পাথর স্থাপন করা হয়েছে। একশ' ৬২ দশমিক ৪৩ লাখ টাকা ব্যয়ে নির্মিতব্য এ হলের পাঁচতলা ভবনে একশ' সাতজন ছাত্রীর আবাসনের ব্যবস্থা করা হবে। এ ভবনটি রোকেয়া হলের বর্ধিতাংশ হিসেবে পরিগণিত হবে।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এমাজউদ্দিন আহমদ উদয়ন বিদ্যালয়ের পূর্ব চত্বরে আনুষ্ঠানিকভাবে ভিত–পাথর স্থাপন করেছেন। অনুষ্ঠানে উপ–উপাচার্য অধ্যাপক ওয়াকিল আহমদও বক্তৃতা করেছেন।

এমাজউদ্দিন আহমদ অনুষ্ঠানে এক সংক্ষিপ্ত বক্তৃতায় বলেন, বিশ্ববিদ্যালয় এলাকার নির্মাণ কাজ নিয়ে প্রায়শঃই নানাবিধ জটিলতার সৃষ্টি হয়। একদিকে অর্থের প্রয়োজন, অন্যদিকে কাজটি চালু রাখা কষ্টকর। আমরা প্রতিকূল অবস্থার মধ্যদিয়ে অগ্রসর হচ্ছি। তবে আমরা সব সময়ই এ বিষয়ে সজাগ। ক্যাম্পাসে সকল নির্মাণ কাজ নির্বিঘ্ন ও সুষ্ঠুভাবে সম্পন্ন করার ব্যাপারে তিনি ছাত্র, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও সংশ্লিষ্ট অন্যান্য ব্যক্তিকে সজাগ দৃষ্টি রাখার আহবানজানান।

উপ–উপাচার্য অধ্যাপক ওয়াকিল আহমদ ঢাকা বিশ্ববিদ্যালয়ের আবাসিক বৈশিষ্ট্য বজায় রাখার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। প্রসঙ্গতঃ তিনি এ দেশের মুসলিম নারী সমাজের উন্নয়নে নবাব ফয়জুন্নেসা চৌধুরানীর অবদানের কথা উল্লেখ করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, পাঁচতলা এ নতুন ভবনটি হবে রোকেয়া হলের বর্ধিতাংশ। মোট ২১ হাজার পাঁচশ' বর্গফুট বিশিষ্ট এ পাঁচতলা ভবনটিতে একশ' সাতজন ছাত্রীর আবাসিক স্থান সংকুলান হবে। মোট একশ' ৬২ দশমিক ৪৩ লাখ টাকা ব্যয়ে আগামী মার্চ মাসের মধ্যে এ নির্মাণ কাজ শেষ হবে বলে আশা করা যাচ্ছে।